

কোভিড-19 কেইসের উপর ভিত্তি করে জনস্বাস্থ্য দলের সাপ্তাহিক বিবৃতি

২ সেপ্টেম্বর ২০২১

২ আগস্ট পর্যন্ত দিনে (১ সেপ্টেম্বর প্রকাশিত তথ্যের উপর ভিত্তি করে) আমরা ব্রাইটন অ্যান্ড হোভে 908 টি নতুন কোভিড-19 কেস নিশ্চিত করেছি। এটা:

- আগের সাত দিনের চেয়ে 29% কম
- প্রতি 100,000 বাসিন্দাদের মধ্যে সপ্তাহে 311.2 হারের সমতুল্য
- দক্ষিণ পূর্বের চেয়ে বেশি যা প্রতি 100,000 এ 284.4 ছিল
- ইংল্যান্ডের হারের কাছাকাছি, যা প্রতি 100,000 এ 312.9 ছিল

ব্রাইটন এবং হোভের জন্য এর অর্থ কী

এই সপ্তাহে শহরে কোভিড-19 এর নিশ্চিত হওয়া কেইসগুলি নেমে এসেছে এবং আমাদের হার এখন ইংল্যান্ডের গড়ের সমান। এটা আনন্দের খবর। যাইহোক, কেইসের সংখ্যা এখনও বেশি রয়ে গেছে এবং আমরা অনেকেই ছুটি এবং উৎসব থেকে ফিরে আসছি, এবং আরও শিক্ষা এবং কর্মক্ষেত্রে ফিরে আসছি, এর ফলে আগামী সপ্তাহগুলিতে আরও কেইস হতে পারে।

আমাদের স্থানীয় হাসপাতালে কোভিড-19 এর প্রভাবের জন্য যে সব রোগীর চিকিৎসার প্রয়োজন তাদের সংখ্যা আগের সপ্তাহের মতোই এবং গত শীতকালের মাত্রার চেয়ে কম।

এটি দেখায় যে টিকা কার্যক্রম গুরুতর অসুস্থতা এবং হাসপাতালে ভর্তির ঝুঁকি কমাতে অত্যন্ত কার্যকর। এটি হাইলাইট করে যে প্রত্যেকেরই টিকার সুযোগ দেওয়ার সাথে সাথেই এটি গ্রহণ করা উচিত।

নতুন স্কুল মেয়াদ - নতুন নির্দেশনা

কোভিড-19 বিধিনিষেধ শিথিল করার সাথে সাথে, সরকার শিক্ষাকেন্দ্রের জন্য নির্দেশিকা সংশোধন করেছে।

স্থানীয় স্কুল এবং কলেজগুলি কোভিড পরীক্ষার প্রয়োজনীয়তা সহ পরিবারকে তাদের নতুন ব্যবস্থা সম্পর্কে সরাসরি অবহিত করেছে।

যখন তারা শরৎকালের (অটাম টার্ম) শুরুতে ফিরে আসবে, মাধ্যমিক স্কুল এবং কলেজের শিক্ষার্থীদের 2টি সাইটে দ্রুত কোভিড-19 পরীক্ষা (3 থেকে 5 দিনের ব্যবধানে) এবং তারপরে বাড়িতে দুবার সাপ্তাহিক পরীক্ষা করার পরামর্শ দেওয়া হয়েছে।

যদিও এখন আর আইনগত প্রয়োজন নেই, 11 বছর বা তার বেশি বয়সী তরুণদের জন্য পাবলিক ট্রান্সপোর্টে (গণ পরিবহণে) এবং স্কুল এবং কলেজের যাতায়াত ব্যবস্থার পরিবহণে মুখ ঢেকে রাখার কিছু পরা প্রত্যাশিত এবং সুপারিশ করা হয়।

জাতীয় পরিবর্তনগুলিতে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত:

- বাবল এবং ভিন্নভিন্ন সময়ে শুরু এবং সমাপ্তির সময় রাখার আর পরামর্শ দেওয়া হয় না
- শিশুরা আবার বিরতির সময় এবং মধ্যাহ্নভোজ একসাথে করতে পারে এবং অন্যান্য ক্লাস এবং বছরের গ্রুপের সাথে ব্যবহারিক পার্ট এবং খেলাধুলায় অংশ নিতে পারে
- মুখ ঢেকে রাখা আর কর্মী বা দর্শনার্থীদের জন্য প্রয়োজন হয় না
- ঘনিষ্ঠ যোগাযোগ হিসাবে চিহ্নিত ছাত্র এবং শিক্ষার্থীদের স্ব-বিচ্ছিন্ন করার প্রয়োজন হবে না তবে ফলাফল পজিটিভ হলে তাদের একটি পিসিআর পরীক্ষা এবং স্ব-বিচ্ছিন্ন হওয়া উচিত।

শিক্ষার্থীরা যখন স্কুল বা কলেজে পরিদর্শনে ফিরে আসবে তখন কী আশা করা যায় সে সম্পর্কে আরও জানতে [gov.uk/backtoschool](https://www.gov.uk/backtoschool) দেখুন।